



Phone: (202) 244-0183  
Fax : (202) 244-2771/7830  
E-mail: [bdoot\\_pwash@yahoo.com](mailto:bdoot_pwash@yahoo.com)  
Website : [www.bdembassyusa.org](http://www.bdembassyusa.org)

EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C. 20008

Date : 5 August 2014

## **PRESS RELEASE**

### **Solo Painting Exhibition of Kazi Salahuddin Ahmed inaugurated at Bangladesh Embassy**

Charge d'Affairs, Mr. Muhammad Abdul Muhith formally inaugurated a week-long solo painting exhibition: City of Memories by internationally acclaimed Bangladeshi Painter Kazi Salahuddin Ahmed on Monday, August 04, 2014 at the Bangabandhu Auditorium of the Embassy of Bangladesh in Washington, DC. This has been one of Salahuddin's many international exposures, and the first of its kind in the capital of the USA. In his two decades of outstanding career, this accomplished painter showcased his artworks in many countries including Australia, Bangladesh, China, South Korea, India, Japan, Nepal, Pakistan, Sri Lanka, the United Kingdom, and different parts of the United States.

Welcoming Kazi Salahuddin, CDA Muhith in his remarks said that Salahuddin's works are extraordinary for unique style in form, composition, color and structure, thus creating an exceptionally uncommon domain of his own among the contemporary painters in Bangladesh. Referring to the glorious history of Bangladeshi art and culture, CDA Muhith deeply appreciated the new generation of Bangladeshi painters for coming up with new ideas, innovation and diversities in their works. Contextualizing the universality of the language of art and culture, he also highlighted on the importance of building cultural bridges among nations transcending geographic barriers and enhancing people to people level communications.

Kazi Salahuddin in his remarks said that "City of Memories" is about his own personal experience with old Dhaka, the part of the capital of Bangladesh that proudly celebrates its century's old cultural heritage, traditions, and the remarkable way of life of its people.

The inauguration reception of the exhibition drew a good number of spectators including the Ambassador of Malaysia in the USA and members of diplomatic corps, State Department representatives, former Peace Corps members, art critics, representatives from cultural organizations and members of expatriate Bangladesh community.

This has been part of Bangladesh Embassy's efforts to reach out to the US nationals by showcasing Bangladeshi culture. The exhibition will remain open until Friday, 08 August 2014 from 10 AM to 5 PM.

بِسْمِ الرَّحْمَنِ الرَّحِيمِ



Phone: (202) 244-0183  
Fax : (202) 244-2771/7830  
E-mail: bdoot\_pwash@yahoo.com  
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C. 20008

তারিখ ৫ আগস্ট ২০১৪

## প্রেস বিজ্ঞপ্তি

### বাংলাদেশ দূতাবাসে কাজী সালাহউদ্দীনের একক চিত্র প্রদর্শনীর উদ্বোধন।

গত ৪ আগস্ট (সোমবার) ২০১৪ বাংলাদেশের ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত জনাব মুহাম্মদ আব্দুল মুহিত এক অনাড়ম্বর পরিবেশে চিত্রশিল্পী কাজী সালাহউদ্দীনের সপ্তাহব্যাপী একক চিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন। যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসি'তে শিল্পী সালাহউদ্দীনের এটিই প্রথম একক চিত্র প্রদর্শনী। উক্ত চিত্র প্রদর্শনীর মূল বিষয়বস্তু ছিল 'সিটি অব মেমোরীজ', যা চিত্রকর সালাহউদ্দীনের পুরনো ঢাকার ব্যক্তিগত নিবিড় অভিজ্ঞতাকে কেন্দ্র করে নির্মিত। এই চিত্র প্রদর্শনীটিতে শিল্পী পুরানো ঢাকার সংস্কৃতি, ঐতিহ্য, পরিবেশ এবং শতাব্দী লালনকৃত মূল্যবোধ ও জীবনধারণের বিভিন্ন দিক তুলে ধরেছেন।

ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত বাংলাদেশের ঐতিহ্যমন্ডিত শিল্প ও সংস্কৃতির উল্লেখ করে বলেন যে, নতুন প্রজন্মের শিল্পীরা বাংলাদেশের চিত্রশিল্পে এক নতুন মাত্রা যোগ করেছেন। তিনি শিল্প ও সংস্কৃতির সার্বজনীন ভাষায় বিশ্বের বিভিন্ন দেশ ও জাতির সাথে সৌহার্দ্যমূলক সেতুবন্ধন রচনার উপর গুরুত্বারোপ করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে কাজী সালাহউদ্দীন উল্লেখ করেন যে, 'সিটি অব মেমোরীজ' প্রদর্শিত ছবিগুলো পুরানো ঢাকার তার ব্যক্তিগত অভিজ্ঞতা, শত বছরের সাংস্কৃতিক ঐতিহ্য এবং সাধারণ মানুষের জীবন ধারণের গতি-প্রকৃতি থেকে উৎসারিত।

বাংলাদেশের সংস্কৃতিকে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকদের কাছে পৌঁছে দেয়ার প্রয়াসে বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি এ ধরণের প্রদর্শনীর আয়োজন করে থাকে। বিগত ৫ বছরে এটি দূতাবাস কর্তৃক আয়োজিত ৭ম এককচিত্র প্রদর্শনী যা ৪ হতে ৮ আগস্ট ২০১৪ সকাল ১০.০০ হতে বিকেল ৫.০০ টা পর্যন্ত দর্শকদের জন্য উন্মুক্ত থাকবে।

অনুষ্ঠানে ওয়াশিংটনস্থ বিভিন্ন দেশের রাষ্ট্রদূতগণ, স্টেট ডিপার্টমেন্টের কর্মকর্তাবৃন্দ, প্রবাসী বাংলাদেশীসহ অনেক গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন। এ উপলক্ষে বাংলাদেশের ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত জনাব মুহাম্মদ আব্দুল মুহিত এক সম্বর্ধনার আয়োজন করেন।

Embassy of Bangladesh, Washington DC 20008

Phone: 202-244-3838, Fax: 202-244-2771/7830, e-mail: bdoot\_pwash@yahoo.com









